

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা

ই-হজ ব্যবস্থাপনা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ হজ্জ অফিস

মঙ্কা আল-মোকাররমা, সৌদি আরব।

অতীব জরুরী  
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

সচিব, হাব

সকল সদস্যকে

অবহিত করছেন

  
Farooque Ahmed Sardar  
Secretary General  
Hajj Agencies Association of Bangladesh

স্মারক নং- ১৬.০৮.০০০০.০০০.০৫.০০১.২০২২-২৯৬

তারিখ: ০২ মে, ২০২৩ খ্রি..

বিষয়: হজ কার্যক্রম পরিচালনাকারী এজেন্সিসমূহের IBAN এ অর্থ প্রেরণ, বাড়িভাড়া, মোয়াল্লেম নির্বাচনসহ অন্যান্য


কার্যক্রম সম্পর্করণ।

সূত্র: (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ১৬.০০.০০০০.০০৩.১৮.০১২.১৯.৭৩০ তারিখ: ৩০/০৮/২০২৩ খ্রি.

(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ১৬.০০.০০০০.০২২.১১.০০১.২২.৬৭১ তারিখ: ২৬/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুন্দরোভ্য স্মারকের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হজ-২০২৩খ্রি. (১৪৮৮ হিজরী) হজ মৌসুমে হজ কার্যক্রম পরিচালনাকারী ৬০৩টি হজ এজেন্সীর তথ্য প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ৫৯৭টি হজ এজেন্সীর ই-হজ সিস্টেমে রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০৬৩টি এজেন্সীর (হজ লাইসেন্স নং ৩৭৩, ৩৮৪, ৮৪৯, ৮৫৫, ৯৭৪, ১৩১১) রেজিস্ট্রেশন বিভিন্ন জটিলতার কারণে করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে ই-হজ সিস্টেমের সংশ্লিষ্টদের সাথে একাধিকবার যোগাযোগ করা হয়েছে। গতকাল রাত পর্যন্ত সমাখন হয়নি। চেষ্টা অব্যাহত আছে। তাদের মোনাজেম পরিবর্তনের প্রয়োজন হতে পারে। ই-হজ সিস্টেমে রেজিস্ট্রেশনকৃত এজেন্সীগুলো তাদের User ID তৈরী করে সংশ্লিষ্ট এজেন্সীর IBAN এ অর্থ প্রেরণ করে বাড়ি/হোটেল ভাড়া, মোয়াল্লেম ফিসহ অন্যান্য অর্থ পরিশোধ করে ভিসা প্রসেসিং করতে পারবে। গতকাল পর্যন্ত মাত্র কয়েকটি এজেন্সী তাদের IBAN এ অর্থ প্রেরণ করেছেন। হজ ও ওমরা মন্ত্রণালয় হতে সকল এজেন্সীকে ই-হজ সিস্টেমে জরুরী নোটিশ প্রদান করা হয়েছে। আগামী ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে অর্থ পরিশোধ করে ই-হজ সিস্টেমে পরিশোধ করে মোয়াল্লেম নির্বাচন করতে হবে। সময় বর্ধিত করা হবে না মর্মে হজ ও ওমরা মন্ত্রণালয় হতে জানানো হয়েছে। যে সকল এজেন্সী ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে মোয়াল্লেম নির্বাচনের লক্ষ্যে ই-হজ সিস্টেমে অর্থ পরিশোধ করে মোয়াছাছা/কোম্পানী নির্বাচন করতে ব্যর্থ হবেন তাদের হজযাত্রীর সৌদি আরবে আগমন অনিশ্চিতার মধ্যে পড়বে এবং এ সময়ের পরে কোন এজেন্সী মোয়াল্লেম নির্বাচন করতে চাইলে হজ ও ওমরা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে হজযাত্রী প্রতি ২০০.০০ (দুইশত) সৌদি রিয়াল জরিমানা প্রদান করতে হবে মর্মে হজ ও ওমরা মন্ত্রণালয়ের সচিব গতকাল রাতে এবং অন্য সকালে ফোন করে জানিয়েছেন।

এমতাবস্থায়, হজ কার্যক্রম পরিচালনাকারী এজেন্সীসমূহকে অতীব জরুরী ভিত্তিতে IBAN এ অর্থ প্রেরণ করে ই-হজ সিস্টেমে মোয়াল্লেম ফি পরিশোধসহ অন্যান্য কার্যক্রম ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়টি অবহিত করার (জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ জফিরুল ইসলাম)

কাউন্সেলর (হজ্জ)

ফোন: ০০৯৬৬ ১২ ৫৩২৮১৮০

ইমেইল: missionhajj@gmail.com

সচিব,

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ১৬.০৮.০০০০.০০০.০৫.০০১.২০২২-২৯৬

তারিখ: ০২ মে, ২০২৩ খ্রি.

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
২. অতিরিক্ত সচিব (হজ), হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মান্যবর কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৫. পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাঁও, ঢাকা।
৬. উপসচিব (হজ-১), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)।
৯. অফিস কপি।

(মোঃ জফিরুল ইসলাম)

কাউন্সেলর (হজ্জ)